ফেরআউন তার সম্প্রদায়কে বিভ্রান্ত করেছিল এবং সৎপথ দেখায়নি। [সুরা আ-হা ২০:৭৯]

১৬. এবং তোমাদের কাছে 'মান্না' ও 'সালওয়া' নাযিল করেছি। (৮০)

হে বনী-ইসরাইল! আমি তোমাদেরকে তোমাদের শকুর কবল থেকে উদ্ধার করেছি, তুর পাহাড়ের দক্ষিণ পার্শ্বে তোমাদেরকে প্রতিশ্রুতি দান করেছি এবং তোমাদের কাছে 'মান্না' ও 'সালওয়া' নাযিল করেছি। [সুরা আ-হা ২০:৮০]

বলেছিঃ আমার দেয়া পবিত্র বস্তুসমূহ খাও এবং এতে সীমালংঘন করো না, তা হলে তোমাদের উপর আমার ক্রোধ নেমে আসবে এবং যার উপর আমার ক্রোধ নেমে আসে সে ধৰ্মস হয়ে যায়। [সুরা আ-হা ২০:৮১]
আর যে তওবা করে, ঈমান আনে এবং সংকর্ম করে অতঃপর সৎপথে অটল থাকে, আমি তার প্রতি অবশ্যই ক্ষমাশীল। [সুরা আ-হা ২০:৮২]

১৭. বললেনঃ আমি তোমার সম্প্রদায়কে পরীক্ষা করেছি তোমার পর এবং সামেরী তাদেরকে পথভ্রষ্ট করেছে। (৮৫)

হে মূসা, তোমার সম্প্রদায়কে পেছনে ফেলে তুমি ত্বরা করলে কেন? [সুরা আ-হা ২০:৮৩]

তিনি বললেনঃ এই তো তারা আমার পেছনে এবং হে আমার পালনকর্তা, আমি তাড়াতাড়ি তোমার কাছে এলাম, যাতে তুমি সন্তুষ্ট হও। [সুরা আ-হা ২০:৮৪]

বললেনঃ আমি তোমার সম্প্রদায়কে পরীক্ষা করেছি তোমার পর এবং সামেরী তাদেরকে পথভ্রষ্ট করেছে। [সুরা আ-হা ২০:৮৫]

অতঃপর মূসা তাঁর সম্প্রদায়ের কাছে ফিরে গেলেন ক্রুদ্ধ ও মর্মাত্ত অবস্থায়। তিনি বললেনঃ হে আমার সম্প্রদায়, তোমাদের পালনকর্তা কি তোমাদেরকে একটি উত্তম প্রতিশ্রুতি দেননি? তবে কি প্রতিশ্রুতির সময়কাল তোমাদের কাছে দীর্ঘ হয়েছে, না তোমরা চেয়েছ যে, তোমাদের উপর তোমাদের পালনকর্তার ক্রোধ নেমে আসুক, যে কারণে তোমরা আমার সাথে কৃত ওয়াদা ভঙ্গ করলে? [সুরা আ-হা ২০:৮৬]

তারা বললঃ আমরা তোমার সাথে কৃত ওয়াদা স্বেচ্ছায় ভঙ্গ করিনি; কিন্তু আমাদের উপর ফেরউনীদের অলংকারের বোঝা চাপিয়ে দেয়া হয়েছিল। অতঃপর আমরা তা নিক্ষেপ করে দিয়েছি। এমনি ভাবে সামেরীও নিক্ষেপ করেছে। [সুরা আঃ-হা ২০:৮৭]

অতঃপর সে তাদের জন্য তৈরী করে বের করল একটি গো-বৎস, একটা দেহ, যার মধ্যে গরুর শব্দ ছিল। তারা বললঃ এটা তোমাদের উপাস্য এবং মূসার ও উপাস্য, কিন্তু মূসা ভুলে গেছে। [সুরা আঃ-হা ২০:৮৮]

তারা কি দেখে না যে, এটা তাদের কোন কথার উত্তর দেয় না এবং তাদের কোন ক্ষতি ও উপকার করার ক্ষমতাও রাখে না? [সুরা আঃ-হা ২০:৮৯]

হারুন তাদেরকে পুরোই বলেছিলেনঃ হে আমার কওম, তোমরা তো এই গো-বৎস দ্বারা পরীক্ষায় নিপত্তি হয়েছ এবং তোমাদের পালনকর্তা দয়াময়। অতএব, তোমরা আমার অনুসরণ কর এবং আমার আদেশ মেনে চল। [সুরা আঃ-হা ২০:৯০]

তারা বললঃ মূসা আমাদের কাছে ফিরে আসা পর্যন্ত আমরা এটাকে পূজা করা থেকে কিছুতেই বিরত হবো না। [সুরা আঃ-হা ২০:৯১]

মূসা বললেনঃ হে হারুন, তুমি যখন তাদেরকে পথ প্রষ্ট হতে দেখলে, তখন তোমাকে কিসে নিবৃত্ত করল ? [সুরা আঃ-হা ২০:৯২]

আমার পদাঙ্ক অনুসরণ করা থেকে? তবে তুমি কি আমার আদেশ অমান্য করেছ? [সুরা আঃ-হা ২০:৯৩]
তিনি বললেনঃ হে আমার জননী-তনয়, আমার শুক্র ও মাথার চুল ধরে আকর্ষণ করো না; আমি আশঙ্কা করলাম যে, তুমি বলবেঃ তুমি বনী-ইসরাইলে র মধ্যে বিভেদ সৃষ্টি করেছ এবং আমার কথা স্মরণে রাখিন। [সুরা আঃ-হা ২০:৯৪]

মূসা বললেন হে সামেরী, এখন তোমার ব্যাপার কি? [সুরা আঃ-হা ২০:৯৫]

সে বললঃ আমি দেখলাম যা অন্যেরা দেখেনি। অতঃপর আমি সেই প্রেরিত ব্যক্তির পদচিহ্নের নীচ থেকে এক মুঠি মাটি নিয়ে নিলাম। অতঃপর আমি তা নিক্ষেপ করলাম। আমাকে আমার মন এই মন্ত্রণাই দিল। [সুরা আঃ-হা ২০:৯৬]

মূসা বললেনঃ দূর হ, তোর জন্য সারা জীবন এ শাস্তি রইল যে, তুই বলবি; আমাকে স্পর্শ করো না, এবং তোর জন্য একটি নির্দিষ্ট ওয়াদা আছে, যার ব্যতিক্রম হবে না। তুই তোর সেই ইলাহের প্রতি লক্ষ্য কর, যাকে তুই ঘিরে থাকতি। আমরা সেটি জালিয়ে দেবই। অতঃপর একে বিক্ষিপ্ত করে সাগরে ছড়িয়ে দেবই। [সুরা আঃ-হা ২০:৯৭]

তোমাদের ইলাহ তো কেবল আল্লাহই, যিনি ব্যতীত অন্য কোন ইলাহ নেই। সব বিষয় তাঁর জ্ঞানের পরিধিভুক্ত।
[সুরা আল-হা ২০:৯৮]

১৮. সে তাদের পুত্র-সন্তা নদেরকে হত্যা করত এবং নারীদেরকে জীবিত রাখত। (৪)

আমি আপনার কাছে মুসা ও ফেরাউনের বৃত্তান্ত সত্য সহকারে বর্ণনা করছি ঔমানদার সম্প্রদায়ের জন্যে।
[সুরা কাসাস ২৮:৩]

ফেরাউন তার দেশে উদ্বিগ্ন হয়েছিল এবং সে দেশবাসীকে বিভিন্ন দলে বিভক্ত করে তাদের একটি দলকে দূর্বল করে দিয়েছিল। সে তাদের পুত্র-সন্তা নদেরকে হত্যা করত এবং নারীদেরকে জীবিত রাখত। নিশ্চয় সে ছিল অনর্থ সৃষ্টিকারী। [সুরা কাসাস ২৮:৪]

দেশে যাদেরকে দূর্বল করা হয়েছিল, আমার ইচ্ছা হল তাদের প্রতি অনুগ্রহ করার, তাদেরকে নেতা করার এবং তাদেরকে দেশের উত্তরাধিকারী করার। [সুরা কাসাস ২৮:৫]

এবং তাদেরকে দেশের ক্ষমতায় আসীন করার এবং ফেরাউন, হামান ও তাদের সৈন্য-বাহিনীকে তা দেখিয়ে দেয়ার, যা তারা সেই দূর্বল দলের তরফ থেকে আশংকা করত। [সুরা কাসাস ২৮:৬]

১৯. আমি মুসা-জননীকে আদেশ পাঠালাম যে, তাকে স্তন্য দান করতে থাক। (৭)

আমি মুসা-জননীকে আদেশ পাঠালাম যে, তাকে স্তন্য দান করতে থাক। অতঃপর যখন তুমি তার সম্পর্কে বিপদের আশংকা কর, তখন তাকে দরিয়ায় নিক্ষেপ কর এবং ভয় করো না, দুঃখও করো না। আমি অবশ্যই তাকে তোমার কাছে ফিরিয়ে দেব এবং তাকে পয়গম্বরগণের একজন করব। [সুরা কাসাস ২৮:৭]

অতঃপর ফেরাউন পরিবার মুসাকে কুড়িয়ে নিল, যাতে তিনি তাদের শক্তি ও দুঃখের কারণ হয়ে যান। নিশ্চয় ফেরাউন, হামান, ও তাদের সৈন্যবাহিনী অপরাধী ছিল। [সুরা কাসাস ২৮:৮]

ফেরাউনের স্ত্রী বলল, এ শিশু আমার ও তোমার নয়নমণি, তাকে হত্যা করো না। এ আমাদের উপকারে আসতে পারে অথবা আমরা তাকে পুত্র করে নিতে পারি। প্রকৃতপক্ষে পরিগাম সম্পর্কে তাদের কোন খবর ছিল না। [সুরা কাসাস ২৮:৯]

সকালে মুসা জননীর অন্তর অস্তির হয়ে পড়ল। যদি আমি তাঁর হৃদয়কে দৃঢ় করে না দিতাম, তবে তিনি মুসাজনিত অস্তিরতা প্রকাশ করেই দিতেন। দৃঢ় করলাম, যাতে তিনি থাকেন বিশ্ববাসীগণের মধ্যে। [সুরা কাসাস ২৮:১০]

তিনি মূসার ভগিনীকে বললেন, তার পেছন পেছন যাও। সে তাদের অজ্ঞাতসারে অপরিচিতা হয়ে তাকে দেখে যেতে লাগল। [সুরা কাসাস ২৮:১১]

পূর্ব থেকেই আমি ধাত্রীদেরকে মূসা থেকে বিরত রেখেছিলাম। মূসার ভগিনী বলল, আমি তোমাদেরকে এমন এক পরিবারের কথা বলব কি, যারা তোমাদের জন্যে একে লালন-পালন করবে এবং তারা হবে তার হিতাকাঙ্ক্ষী? [সুরা কাসাস ২৮:১২]

অতঃপর আমি তাকে জননীর কাছে ফিরিয়ে দিলাম, যাতে তার চক্ষু জুড়ায় এবং তিনি দুঃখ না করেন এবং যাতে তিনি জানেন যে, আল্লাহর ওয়াদা সত্য, কিন্তু অনেক মানুষ তা জানে না। [সুরা কাসাস ২৮:১৩]

যখন মূসা যৌবনে পদার্পন করলেন এবং পরিণত বয়স্ক হয়ে গেলেন, তখন আমি তাঁকে প্রজ্ঞা ও জ্ঞানদান করলাম। এমনিভাবে আমি সৎকর্মীদেরকে প্রতিদান দিয়ে থাকি। [সুরা কাসাস ২৮:১৪]

তিনি শহরে প্রবেশ করলেন, যখন তার অধিবাসীরা ছিল বেখবর। তথায় তিনি দুই ব্যক্তিকে লড়াইরত দেখলেন। এদের একজন ছিল তাঁর নিজ দলের এবং অন্য জন তাঁর শক্ত দলের। অতঃপর যে তাঁর নিজ দলের সে তাঁর শক্ত দলের লোকটির বিরুদ্ধে তাঁর কাছে সাহায্য প্রার্থনা করল। তখন মূসা তাকে ঘূষি মারলেন এবং এতেই তার মৃত্যু হয়ে গেল। মূসা বললেন, এটা শয়তানের কাজ। নিশ্চয় সে প্রকাশ্য শক্ত, বিভ্রান্তকারী। [সুরা কাসাস ২৮:১৫]

তিনি বললেন, হে আমার পালনকর্তা, আমি তো নিজের উপর জুলুম করে ফেলেছি। অতএব, আমাকে ক্ষমা করুন। আল্লাহ তাকে ক্ষমা করলেন। নিশ্চয় তিনি ক্ষমাশীল, দয়ালু। [সুরা কাসাস ২৮:১৬]

তিনি বললেন, হে আমার পালনকর্তা, আপনি আমার প্রতি যে অনুগ্রহ করেছেন, এরপর আমি কখনও অপরাধীদের সাহায্যকারী হব না। [সুরা কাসাস ২৮:১৭]

অতঃপর তিনি প্রভাতে উঠলেন সে শহরে ভীত-শংকিত অবস্থায়। হঠাৎ তিনি দেখলেন, গতকল্য যে ব্যক্তি তাঁর সাহায্য চেয়েছিল, সে চিৎকার করে তাঁর সাহায্য প্রার্থনা করছে। মূসা তাকে বললেন, তুমি তো একজন প্রকাশ্য পথভ্রষ্ট ব্যক্তি। [সুরা কাসাস ২৮:১৮]

অতঃপর মূসা যখন উভয়ের শক্তকে শায়েস্তা করতে চাইলেন, তখন সে বলল, গতকল্য তুমি যেমন এক ব্যক্তিকে হত্যা করেছিলে, সে রকম আমাকেও কি হত্যা করতে চাও? তুমি তো পৃথিবীতে স্বেচ্ছাচারী হতে চাচ্ছ এবং সক্ষি স্থাপনকারী হতে চাও না। [সুরা কাসাস ২৮:১৯]

এসময় শহরের প্রান্ত থেকে একব্যক্তি ছুটে আসল এবং বলল, হে মূসা, রাজের পরিষদবর্গ তোমাকে হত্যা করার পরমর্শ করছে। অতএব, তুমি বের হয়ে যাও। আমি তোমার হিতাকাঙ্ক্ষী। [সুরা কাসাস ২৮:২০]

**২০. অতঃপর তিনি সেখান থেকে ভীত অবস্থায় বের হয়ে পড়লেন পথ দেখতে দেখতে।
তিনি বললেন, হে আমার পালনকর্তা, আমাকে জালেম সম্প্রদায়ের কবল থেকে রক্ষা
করা। (২১)**

অতঃপর তিনি সেখান থেকে ভীত অবস্থায় বের হয়ে পড়লেন পথ দেখতে দেখতে। তিনি বললেন, হে আমার পালনকর্তা, আমাকে জালেম সম্প্রদায়ের কবল থেকে রক্ষা কর। [সুরা কাসাস ২৮:২১]

যখন তিনি মাদইয়ান অভিমুখে রওয়ানা হলেন তখন বললেন, আশা করা যায় আমার পালনকর্তা আমাকে সরল পথ দেখাবেন। [সুরা কাসাস ২৮:২২]

যখন তিনি মাদইয়ানের কৃপের ধারে পৌছলেন, তখন কৃপের কাছে একদল লোককে পেলেন তারা জন্মদেরকে পানি পান করানোর কাজে রত। এবং তাদের পশ্চাতে দু'জন স্ত্রীলোককে দেখলেন তারা তাদের জন্মদেরকে আগলিয়ে রাখছে। তিনি বললেন, তোমাদের কি ব্যাপার? তারা বলল, আমরা আমাদের জন্মদেরকে পানি পান করাতে পারি না, যে পর্যন্ত রাখালরা তাদের জন্মদেরকে নিয়ে সরে না যায়। আমাদের পিতা খুবই বৃদ্ধ। [সুরা কাসাস ২৮:২৩]

অতঃপর মূসা তাদের জন্মদেরকে পানি পান করালেন। অতঃপর তিনি ছায়ার দিকে সরে গেলেন এবং বললেন, হে আমার পালনকর্তা, তুমি আমার প্রতি যে অনুগ্রহ নাফিল করবে, আমি তার মুখাপেক্ষী। [সুরা কাসাস ২৮:২৪]

অতঃপর বালিকাদ্বয়ের একজন লজ্জাজড়িত পদক্ষেপে তাঁর কাছে আগমন করল। বলল, আমার পিতা আপনাকে ডাকছেন, যাতে আপনি যে আমাদেরকে পানি পান করিয়েছেন, তার বিনিময়ে পূরঙ্কার প্রদান করেন। অতঃপর মূসা যখন তাঁর কাছে গেলেন এবং সমস্ত বৃত্তান্ত বর্ণনা করলেন, তখন তিনি বললেন, ভয় করো না, তুমি জালেম সম্প্রদায়ের কবল থেকে রক্ষা পেয়েছ। [সুরা কাসাস ২৮:২৫]

বালিকাদ্বয়ের একজন বলল পিতাও তাকে চাকর নিযুক্ত করুন। কেননা, আপনার চাকর হিসেবে সে-ই উত্তম হবে, যে শক্তিশালী ও বিশ্বস্ত। [সুরা কাসাস ২৮:২৬]

পিতা মূসাকে বললেন, আমি আমার এই কন্যাদ্বয়ের একজনকে তোমার সাথে বিবাহে দিতে চাই এই শর্তে যে, তুমি আট বছর আমার চাকুরী করবে, যদি তুমি দশ বছর পূর্ণ কর, তা তোমার ইচ্ছা। আমি তোমাকে কষ্ট দিতে চাই না। আল্লাহ চাহেন তো তুমি আমাকে সৎকর্মপরায়ণ পাবে। [সুরা কাসাস ২৮:২৭]

মূসা বললেন, আমার ও আপনার মধ্যে এই চুক্তি স্থির হল। দুটি মেয়াদের মধ্য থেকে যে কোন একটি পূর্ণ করলে আমার বিরুদ্ধে কোন অভিযোগ থাকবে না। আমরা যা বলছি, তাতে আল্লাহর উপর ভরসা। [সুরা কাসাস ২৮:২৮]

অতঃপর মূসা (আঃ) যখন সেই মেয়াদ পূর্ণ করল এবং সপরিবারে যাত্রা করল, তখন সে তুর পর্বতের দিক থেকে আগুন দেখতে পেল। সে তার পরিবারবর্গকে বলল, তোমরা অপেক্ষা কর, আমি আগুন দেখেছি। সন্তুষ্ট আমি সেখান থেকে তোমাদের কাছে কোন খবর নিয়ে আসতে পারি অথবা কোন জুলন্ত কাষ্ঠখন্ড আনতে পারি, যাতে তোমরা আগুন পোহাতে পার। [সুরা কাসাস ২৮:২৯]

২১. যখন সে তার কাছে পৌছল, তখন পবিত্র ভূমিতে অবস্থিত উপত্যকার ডান প্রান্তের
বৃক্ষ থেকে তাকে আওয়াজ দেয়া হল, হে মূসা! আমি আল্লাহ, বিশ্ব পালনকর্তা।(৩০)
আরও বলা হল, তুমি তোমার লাঠি নিক্ষেপ কর। (৩১)

যখন সে তার কাছে পৌছল, তখন পবিত্র ভূমিতে অবস্থিত উপত্যকার ডান প্রান্তের বৃক্ষ থেকে তাকে আওয়াজ দেয়া হল, হে মূসা! আমি আল্লাহ, বিশ্ব পালনকর্তা। [সুরা কাসাস ২৮:৩০]

আরও বলা হল, তুমি তোমার লাঠি নিক্ষেপ কর। অতঃপর যখন সে লাঠিকে সর্পের ন্যায় দৌড়াদৌড়ি করতে দেখল, তখন সে মুখ ফিরিয়ে বিপরীত দিকে পালাতে লাগল এবং পেছন ফিরে দেখল না। হে মূসা, সামনে এস এবং ভয় করো না। তোমার কোন আশংকা নেই। [সুরা কাসাস ২৮:৩১]

তোমার হাত বগলে রাখ। তা বের হয়ে আসবে নিরাময় উজ্জ্বল হয়ে এবং ভয় হেতু তোমার হাত তোমার উপর চেপে ধর। এই দুটি ফেরাউন ও তার পরিষদবর্গের প্রতি তোমার পালনকর্তার তরফ থেকে প্রমাণ। নিশ্চয় তারা পাপাচারী সম্পন্দায়। [সুরা কাসাস ২৮:৩২]

মূসা বলল, হে আমার পালনকর্তা, আমি তাদের এক ব্যক্তিকে হত্যা করেছি। কাজেই আমি ভয় করছি যে, তারা আমাকে হত্যা করবে। [সুরা কাসাস ২৮:৩৩]

আমার ভাই হারুণ, সে আমা অপেক্ষা প্রাঞ্জলভাষী। অতএব, তাকে আমার সাথে সাহায্যের জন্যে প্রেরণ করুন। সে আমাকে সমর্থন জানাবে। আমি আশংকা করি যে, তারা আমাকে মিথ্যাবাদী বলবে। [সুরা কাসাস ২৮:৩৪]

আল্লাহ বললেন, আমি তোমার বাহু শক্তিশালী করব তোমার ভাই দ্বারা এবং তোমাদের প্রধান্য দান করব। ফলে, তারা তোমার কাছে পৌছাতে পারবে না। আমার নির্দেশনাবলীর জোরে তোমরা এবং তোমাদের অনুসারীরা প্রবল থাকবে। [সুরা কাসাস ২৮:৩৫]

অতঃপর মূসা যখন তাদের কাছে আমার সুস্পষ্ট নির্দেশনাবলী নিয়ে পৌছল, তখন তারা বলল, এতো অলীক জাদু মাত্র। আমরা আমাদের পূর্বপুরুষদের মধ্যে এ কথা শুনিনি। [সুরা কাসাস ২৮:৩৬]

মূসা বলল, আমার পালনকর্তা সম্যক জানেন যে তার নিকট থেকে হেদায়েতের কথা নিয়ে আগমন করেছে এবং যে প্রাপ্ত হবে পরকালের গৃহ। নিশ্চয় জালেমরা সফলকাম হবে না। [সুরা কাসাস ২৮:৩৭]

ফেরাউন বলল, হে পরিষদবর্গ, আমি জানি না যে, আমি ব্যতীত তোমাদের কোন উপাস্য আছে। হে হামান, তুমি ইট পোড়াও, অতঃপর আমার জন্য একটি প্রাসাদ নির্মাণ কর, যাতে আমি মূসার উপাস্যকে উকি মেরে দেখতে পারি। আমার তো ধারণা এই যে, সে একজন মিথ্যাবাদী। [সুরা কাসাস ২৮:৩৮]

ফেরাউন ও তার বাহিনী অন্যায়ভাবে পৃথিবীতে অহংকার করতে লাগল এবং তারা মনে করল যে, তারা আমার কাছে প্রত্যাবর্তিত হবে না। [সুরা কাসাস ২৮:৩৯]

২২. অতঃপর আমি তাকে ও তার বাহিনীকে পাকড়াও করলাম, তৎপর আমি তাদেরকে সমুদ্রে নিক্ষেপ করলাম। (৪০)

অতঃপর আমি তাকে ও তার বাহিনীকে পাকড়াও করলাম, তৎপর আমি তাদেরকে সমুদ্রে নিক্ষেপ করলাম। অতএব, দেখ জালেমদের পরিগাম কি হয়েছে। [সুরা কাসাস ২৮:৪০]

আমি তাদেরকে নেতা করেছিলাম। তারা জাহানামের দিকে আহবান করত। কেয়ামতের দিন তারা সাহায্য প্রাপ্ত হবে না। [সুরা কাসাস ২৮:৪১]

আমি এই পৃথিবীতে অভিশাপকে তাদের পশ্চাতে লাগিয়ে দিয়েছি এবং কেয়ামতের দিন তারা হবে দুর্দশাগ্রস্ত। [সুরা কাসাস ২৮:৪২]

আমি পূর্ববর্তী অনেক সম্প্রদায়কে ধ্বংস করার পর মূসাকে কিতাব দিয়েছি মানুষের জন্যে জ্ঞানবর্তিকা। হেদায়েত ও রহমত, যাতে তারা স্মরণ রাখে। [সুরা কাসাস ২৮:৪৩]

মূসাকে যখন আমি নির্দেশনামা দিয়েছিলাম, তখন আপনি পশ্চিম প্রান্তে ছিলেন না এবং আপনি প্রত্যক্ষদর্শীও ছিলেন না। [সুরা কাসাস ২৮:৪৪]

কিন্তু আমি অনেক সম্প্রদায় সৃষ্টি করেছিলাম, অতঃপর তাদের অনেক যুগ অতিবাহিত হয়েছে। আর আপনি মাদইয়ানবাসীদের মধ্যে ছিলেন না যে, তাদের কাছে আমার আয়াতসমূহ পাঠ করতেন। কিন্তু আমিই ছিলাম রসূল প্রেরণকারী। [সুরা কাসাস ২৮:৪৫]

আমি যখন মূসাকে আওয়াজ দিয়েছিলাম, তখন আপনি তুর পর্বতের পার্শ্বে ছিলেন না। কিন্তু এটা আপনার পালনকর্তার রহমত স্বরূপ, যাতে আপনি এমন এক সম্প্রদায়কে ভীতি প্রদর্শন করেন, যাদের কাছে আপনার পূর্বে কোন ভীতি প্রদর্শনকারী আগমন করেনি, যাতে তারা স্মরণ রাখে। [সুরা কাসাস ২৮:৪৬]

আর এ জন্য যে, তাদের কৃতকর্মের জন্যে তাদের কোন বিপদ হলে তারা বলত, হে আমাদের পালনকর্তা, তুমি আমাদের কাছে কোন রসূল প্রেরণ করলে না কেন? করলে আমরা তোমার আয়াতসমূহের অনুসরণ করতাম এবং আমরা বিশ্বাস স্থাপনকারী হয়ে যেতাম। [সুরা কাসাস ২৮:৪৭]

২৩. অতঃপর আমার কাছ থেকে যখন তাদের কাছে সত্য আগমন করল, তখন তারা বলল, মূসাকে যেরূপ দেয়া হয়েছিল, এই রসূলকে সেরূপ দেয়া হল না কেন? (৪৮)

অতঃপর আমার কাছ থেকে যখন তাদের কাছে সত্য আগমন করল, তখন তারা বলল, মূসাকে যেরূপ দেয়া হয়েছিল, এই রসূলকে সেরূপ দেয়া হল না কেন? পূর্বে মূসাকে যা দেয়া হয়েছিল, তারা কি তা অঙ্গীকার করেনি? তারা বলেছিল, উভয়ই জাদু, পরম্পরে একাত্ম। তারা আরও বলেছিল, আমরা উভয়কে মানি না। [সুরা কাসাস ২৮:৪৮]

বলুন, তোমরা সত্যবাদী হলে এখন আল্লাহর কাছ থেকে কোন কিতাব আন, যা এতদুভয় থেকে উত্তম পথপ্রদর্শক হয়। আমি সেই কিতাব অনুসরণ করব। [সুরা কাসাস ২৮:৪৯]

অতঃপর তারা যদি আপনার কথায় সাড়া না দেয়, তবে জানবেন, তারা শুধু নিজের প্রবৃত্তির অনুসরণ করে। আল্লাহর হেদায়েতের পরিবর্তে যে ব্যক্তি নিজ প্রবৃত্তির অনুসরণ করে, তার চাহিতে অধিক পথব্রষ্ট আর কে? নিশ্চয় আল্লাহ জালেম সম্প্রদায়কে পথ দেখান না। [সুরা কাসাস ২৮:৫০]

আমি তাদের কাছে উপর্যুপরি বাণী পৌছিয়েছি। যাতে তারা অনুধাবন করে। [সুরা কাসাস ২৮:৫১]

কোরআনের পূর্বে আমি যাদেরকে কিতাব দিয়েছি, তারা এতে বিশ্বাস করে। [সুরা কাসাস ২৮:৫২]

যখন তাদের কাছে এটা পাঠ করা হয়, তখন তারা বলে, আমরা এর প্রতি বিশ্বাস স্থাপন করলাম। এটা আমাদের পালনকর্তার পক্ষ থেকে সত্য। আমরা এর পূর্বেও আজ্ঞাবহ ছিলাম। [সুরা কাসাস ২৮:৫৩]

তারা দুইবার পুরস্কৃত হবে তাদের সবরের কারণে। তারা মন্দের জওয়াবে ভাল করে এবং আমি তাদেরকে যা দিয়েছি, তা থেকে ব্যয় করো। [সুরা কাসাস ২৮:৫৪]

**২৪. আর (স্মরণ কর) সে সময়ের কথা, যখন আমি তোমাদিগকে মুক্তিদান করেছি
ফেরআউনের লোকদের কবল থেকে যারা তোমাদিগকে কঠিন শাস্তি দান করত;**

(৪৯)

আর (স্মরণ কর) সে সময়ের কথা, যখন আমি তোমাদিগকে মুক্তিদান করেছি ফেরআউনের লোকদের কবল থেকে যারা তোমাদিগকে কঠিন শাস্তি দান করত; তোমাদের পুত্রসন্তানদেরকে জবাই করত এবং তোমাদের স্ত্রীদিগকে অব্যাহতি দিত। বস্তুতঃ তাতে পরীক্ষা ছিল তোমাদের পালনকর্তার পক্ষ থেকে, মহা পরীক্ষা। [সুরা বাকারা ২:৪৯]

আর যখন আমি তোমাদের জন্য সাগরকে দ্঵িখণ্ডিত করেছি, অতঃপর তোমাদেরকে বাঁচিয়ে দিয়েছি এবং ডুবিয়ে দিয়েছি ফেরআউনের লোকদিগকে অথচ তোমরা দেখছিলে। [সুরা বাকারা ২:৫০]

**২৫. আর যখন আমি মূসার সাথে ওয়াদা করেছি চল্লিশ রাত্রির অতঃপর তোমরা গোবৎস
বানিয়ে নিয়েছ মূসার অনুপস্থিতিতে। বস্তুতঃ তোমরা ছিলে যালেম। (৫১)**

আর যখন আমি মূসার সাথে ওয়াদা করেছি চল্লিশ রাত্রির অতঃপর তোমরা গোবৎস বানিয়ে নিয়েছ মূসার অনুপস্থিতিতে। বস্তুতঃ তোমরা ছিলে যালেম। [সুরা বাকারা ২:৫১]

তারপর আমি তাতেও তোমাদেরকে ক্ষমা করে দিয়েছি, যাতে তোমরা কৃতজ্ঞতা স্বীকার করে নাও। [সুরা বাকারা ২:৫২]

আর (স্মরণ কর) যখন আমি মূসাকে কিতাব এবং সত্য-মিথ্যা র পার্থক্য বিধানকারী নির্দেশ দান করেছি, যাতে তোমরা সরল পথ প্রাপ্ত হতে পার। [সুরা বাকারা ২:৫৩]

আর যখন মূসা তার সম্প্রদায়কে বলল, হে আমার সম্প্রদায়, তোমরা তোমাদেরই ক্ষতিসাধন করেছ এই গোবৎস নির্মাণ করো। কাজেই এখন তওবা কর স্বীয় স্বষ্টার প্রতি এবং নিজ নিজ প্রাণ বিসর্জন দাও। এটাই তোমাদের জন্য কল্যাণকর তোমাদের স্বষ্টার নিকট। তারপর তোমাদের প্রতি লক্ষ্য করা হল। নিঃসন্দেহে তিনিই ক্ষমাকারী, অত্যন্ত মেহেরবান। [সুরা বাকারা ২:৫৪]

২৬. আর যখন তোমরা বললে, হে মূসা, কস্মিনকালেও আমরা তোমাকে বিশ্বাস করব না, যতক্ষণ না আমরা আল্লাহকে (প্রকাশ্যে) দেখতে পাব। (৫৫)

আর যখন তোমরা বললে, হে মূসা, কস্মিনকালেও আমরা তোমাকে বিশ্বাস করব না, যতক্ষণ না আমরা আল্লাহকে (প্রকাশ্যে) দেখতে পাব। বস্তুতঃ তোমাদিগকে পাকড়াও করল বিদ্যুৎ। অথচ তোমরা তা প্রত্যক্ষ করছিলে। [সুরা বাকারা ২:৫৫]

তারপর, মরে যাবার পর তোমাদিগকে আমি তুলে দাঁড় করিয়েছি, যাতে করে তোমরা কৃতজ্ঞতা স্বীকার করে নাও। [সুরা বাকারা ২:৫৬]

২৭. আর আমি তোমাদের উপর ছায়া দান করেছি মেঘমালার দ্বারা এবং তোমাদের জন্য খাবার পাঠিয়েছি 'মান্না' ও সালওয়া। (৫৭)

আর আমি তোমাদের উপর ছায়া দান করেছি মেঘমালার দ্বারা এবং তোমাদের জন্য খাবার পাঠিয়েছি 'মান্না' ও সালওয়া।। সেসব পরিত্র বস্তু তোমরা ভক্ষন কর, যা আমি তোমাদেরকে দান করেছি। বস্তুতঃ তারা আমার কোন ক্ষতি করতে পারেনি, বরং নিজেদেরই ক্ষতি সাধন করেছে। [সুরা বাকারা ২:৫৭]

২৮. আর যখন আমি বললাম, তোমরা প্রবেশ কর এ নগরীতে। (৫৮)

আর যখন আমি বললাম, তোমরা প্রবেশ কর এ নগরীতে এবং এতে যেখানে খুশী খেয়ে স্বাচ্ছন্দে বিচরণ করতে থাক এবং দরজার ভিতর দিয়ে প্রবেশ করার সময় সেজদা করে চুক, আর বলতে থাক-'আমাদিগকে ক্ষমা করে দাও'-তাহলে আমি তোমাদের অপরাধ ক্ষমা করব এবং সৎ কর্মশীলদেরকে অতিরিক্ত দানও করব। [সুরা বাকারা ২:৫৮]

অতঃপর যালেমরা কথা পাল্টে দিয়েছে, যা কিছু তাদেরকে বলে দেয়া হয়েছিল তা থেকে। তারপর আমি অবতীর্ণ করেছি যালেমদের উপর আয়াব, আসমান থেকে, নির্দেশ লংঘন করার কারণে। [সুরা বাকারা ২:৫৯]

২৯. আল্লাহর দেয়া রিয়িক খাও, পান কর আর দুনিয়ার বুকে দাংগা-হাংগা মা করে বেড়িও না। (৬০)

আর মূসা যখন নিজ জাতির জন্য পানি চাইল, তখন আমি বললাম, স্বীয় ঘষ্টির দ্বারা আঘাত কর পাথরের উপরে। অতঃপর তা থেকে প্রবাহিত হয়ে এল বারটি প্রশ্নবগ। তাদের সব গোএই চিনে নিল নিজ নিজ ঘাট। আল্লাহর দেয়া রিযিক খাও, পান কর আর দুনিয়ার বুকে দাংগা-হাংগা মা করে বেড়িও না। [সুরা বাকারা ২:৬০]

৩০. আর তোমরা যখন বললে, হে মূসা, আমরা একই ধরনের খাদ্য-দ্রব্যে কখনও দৈর্ঘ্যধারণ করব না (৬১)

আর তোমরা যখন বললে, হে মূসা, আমরা একই ধরনের খাদ্য-দ্রব্যে কখনও দৈর্ঘ্যধারণ করব না। কাজেই তুমি তোমার পালনকর্তার নিকট আমাদের পক্ষে প্রার্থনা কর, তিনি যেন আমাদের জন্যে এমন বস্তুসামগ্ৰী দান করেন যা জমিতে উৎপন্ন হয়, তুরকারী, কাকড়ী, গম, মসুরি, পেঁয়াজ প্রভৃতি। মূসা (আঃ) বললেন, তোমরা কি এমন বস্তু নিতে চাও যা নিকৃষ্ট সে বস্তুর পরিবর্তে যা উত্তম? তোমরা কোন নগৰীতে উপনীত হও, তাহলেই পাবে যা তোমরা কামনা করছ। আর তাদের উপর আরোপ করা হল লাঞ্ছনা ও পরমুখাপেক্ষিতা। তারা আল্লাহর রোষানলে পতিত হয়ে ঘূরতে থাকল। এমন হলো এ জন্য যে, তারা আল্লাহর বিধি বিধান মানতো না এবং নবীগনকে অন্যায়ভাবে হত্যা করত। তার কারণ, তারা ছিল নাফরমান সীমালংঘকারী। [সুরা বাকারা ২:৬১]

৩১. আর আমি যখন তোমাদের কাছ থেকে অঙ্গীকার নিয়েছিলাম এবং তুর পর্বতকে তোমাদের মাথার উপর তুলে ধরেছিলাম। (৬৩)

আর আমি যখন তোমাদের কাছ থেকে অঙ্গীকার নিয়েছিলাম এবং তুর পর্বতকে তোমাদের মাথার উপর তুলে ধরেছিলাম এই বলে যে, তোমাদিগকে যে কিতাব দেয়া হয়েছে তাকে ধর সুদৃঢ়ভাবে এবং এতে যা কিছু রয়েছে তা মনে রেখো যাতে তোমরা ভয় কর। [সুরা বাকারা ২:৬৩]

তারপরেও তোমরা তা থেকে ফিরে গেছ। কাজেই আল্লাহর অনুগ্রহ ও মেহেরবানী যদি তোমাদের উপর না থাকত, তবে অবশ্যই তোমরা ধৰংস হয়ে যেতো। [সুরা বাকারা ২:৬৪]

৩২. যখন মূসা (আঃ) স্বীয় সম্প্রদায়কে বললেনঃ আল্লাহ তোমাদের একটি গরু জবাই করতে বলেছেন। (৬৭)

যখন মূসা (আঃ) স্বীয় সম্প্রদায়কে বললেনঃ আল্লাহ তোমাদের একটি গরু জবাই করতে বলেছেন। তারা বলল, তুমি কি আমাদের সাথে উপহাস করছ? মূসা (আঃ) বললেন, মূর্খদের অঙ্গুভুক্ত হওয়া থেকে আমি আল্লাহর আশ্রয় প্রার্থনা করছি। [সুরা বাকারা ২:৬৭]

তারা বলল, তুমি তোমার পালনকর্তার কাছে আমাদের জন্য প্রার্থনা কর, যেন সেটির রূপ বিশ্লেষণ করা হয়।
মূসা (আঃ) বললেন, তিনি বলছেন, সেটা হবে একটা গাভী, যা বৃদ্ধ নয় এবং কুমারীও নয়-বার্ধক্য ও যৌবনের
মাঝামাঝি বয়সের। এখন আদিষ্ট কাজ করে ফেল। [সুরা বাকারা ২:৬৮]

তারা বলল, তোমার পালনকর্তার কাছে আমাদের জন্য প্রার্থনা কর যে, তার রঙ কিরণ হবে? মূসা (আঃ)
বললেন, তিনি বলেছেন যে, গাঢ় পীতবর্ণের গাভী-যা দর্শকদের চমৎকৃত করবে। [সুরা বাকারা ২:৬৯]

তারা বলল, আপনি প্রভুর কাছে প্রার্থনা করুন-তিনি বলে দিন যে, সেটা কিরণ? কেননা, গরু আমাদের কাছে
সাদৃশ্যশীল মনে হয়। ইনশাআল্লাহ এবার আমরা অবশ্যই পথপ্রাপ্ত হব। মূসা (আঃ) বললেন, তিনি বলেন যে,
এ গাভী ভূকর্ষণ ও জল সেচনের শ্রমে অভ্যন্তর নয়-হবে নিষ্কলঙ্ঘ, নিখুঁত। [সুরা বাকারা ২:৭০]

তারা বলল, এবার সঠিক তথ্য এনেছ। অতঃপর তারা সেটা জবাই করল, অথচ জবাই করবে বলে মনে হচ্ছিল
না। [সুরা বাকারা ২:৭১]

৩৩. কুফরের কারণে তাদের অন্তরে গোবৎসপ্রাতি পান করানো হয়েছিল। (৯৩)

সুম্পষ্ট মুজেয়াসহ মূসা তোমাদের কাছে এসেছেন। এরপর তার অনুপস্থিতিতে তোমরা গোবৎস বানিয়েছ।
বাস্তবিকই তোমরা অত্যাচারী। [সুরা বাকারা ২:৯২]

আর যখন আমি তোমাদের কাছ থেকে প্রতিশ্রুতি নিলাম এবং তুর পর্বতকে তোমাদের উপর তুলে ধরলাম
যে, শক্ত করে ধর, আমি যা তোমাদের দিয়েছি আর শোন। তারা বলল, আমরা শুনেছি আর অমান্য করেছি।
কুফরের কারণে তাদের অন্তরে গোবৎসপ্রাতি পান করানো হয়েছিল। বলে দিন, তোমরা যদি মুমিন হয়ে
থাকো, তবে তোমাদের ঈমান যার নির্দেশ দেয়, তা কতোইনা নিকৃষ্ট। [সুরা বাকারা ২:৯৩]

৩৪. ইতিপূর্বে মূসা (আঃ) যেমন জিজ্ঞাসিত হয়েছিলেন, (মুসলমানগন,) তোমরাও কি তোমাদের রসূলকে তেমনি প্রশ্ন করতে চাও? (১০৮)

ইতিপূর্বে মূসা (আঃ) যেমন জিজ্ঞাসিত হয়েছিলেন, (মুসলমানগন,) তোমরাও কি তোমাদের রসূলকে তেমনি
প্রশ্ন করতে চাও? যে কেউ ঈমানের পরিবর্তে কুফর গ্রহণ করে, সে সরল পথ থেকে বিচ্যুত হয়ে যায়। [সুরা
বাকারা ২:১০৮]

৩৫. আমরা তাদের মধ্যে পার্থক্য করি না। (১৩৬)

তোমরা বল, আমরা ঈমান এনেছি আল্লাহর উপর এবং যা অবর্তীর্ণ হয়েছে আমাদের প্রতি এবং যা অবর্তীর্ণ হয়েছে ইব্রাহীম, ইসমাইল, ইসহাক, ইয়াকুব এবং তদীয় বংশধরের প্রতি এবং মূসা, ঈসা, অন্যান্য নবীকে পালনকর্তার পক্ষ থেকে যা দান করা হয়েছে, তৎসমুদয়ের উপর। আমরা তাদের মধ্যে পার্থক্য করি না। আমরা তাঁরই আনুগত্যকারী। [সুরা বাকারা ২:১৩৬]

৩৬. আমরা তাঁদের কারো মধ্যে পার্থক্য করি না। (৮৪)

বলুন, আমরা ঈমান এনেছি আল্লাহর উপর এবং যা কিছু অবর্তীর্ণ হয়েছে আমাদের উপর, ইব্রাহীম, ইসমাইল, ইসহাক, ইয়াকুব এবং তাঁদের সন্তানবর্গের উপর আর যা কিছু পেয়েছেন মূসা ও ঈসা এবং অন্যান্য নবী রসূলগণ তাঁদের পালনকর্তার পক্ষ থেকে। আমরা তাঁদের কারো মধ্যে পার্থক্য করি না। আর আমরা তাঁরই আনুগত। [সুরা ইমরান ৩:৮৪]

৩৭. বলেছে, একেবারে সামনাসামনিভাবে আমাদের আল্লাহকে দেখিয়ে দাও। (১৫৩)

আপনার নিকট আহলে-কিতাবরা আবেদন জানায় যে, আপনি তাদের উপর আসমান থেকে লিখিত কিতাব অবর্তীর্ণ করিয়ে নিয়ে আসুন। বস্তুতঃ এরা মূসার কাছে এর চেয়েও বড় জিনিস চেয়েছে। বলেছে, একেবারে সামনাসামনিভাবে আমাদের আল্লাহকে দেখিয়ে দাও। অতএব, তাদের উপর বজ্রপাত হয়েছে তাদের পাপের দরুন; অতঃপর তাদের নিকট সুস্পষ্ট প্রমাণ-নির্দর্শন প্রকাশিত হবার পরেও তারা গো-বৎসকে উপাস্যরূপে গ্রহণ করেছিল; তাও আমি ক্ষমা করে দিয়েছিলাম এবং আমি মূসাকে প্রকৃষ্ট প্রভাব দান করেছিলাম। [সুরা নিসা ৪:১৫৩]

৩৮. আর আল্লাহ মূসার সাথে কথোপকথন করেছেন সরাসরি। (১৬৪)

এছাড়া এমন রসূল পাঠিয়েছি যাদের ইতিবৃত্ত আমি আপনাকে শুনিয়েছি ইতিপূর্বে এবং এমন রসূল পাঠিয়েছি যাদের বৃত্তান্ত আপনাকে শোনাইনি। আর আল্লাহ মূসার সাথে কথোপকথন করেছেন সরাসরি। [সুরা নিসা ৪:১৬৪]

৩৯. তিনি বললেনঃ আপনি আমার সাথে কিছুতেই ধৈর্যধারণ করে থাকতে পারবেন না। (৬৭)

যখন মূসা তাঁর যুবক (সঙ্গী) কে বললেনঃ দুই সমুদ্রের সঙ্গমস্থলে না পৌছা পর্যন্ত আমি আসব না অথবা আমি যুগ যুগ ধরে চলতে থাকব। [সুরা কা'হফ ১৮:৬০]

অতঃপর যখন তাঁরা দুই সুমুদ্রের সঙ্গমস্থলে পৌছালেন, তখন তাঁরা নিজেদের মাছের কথা ভুলে গেলেন।
অতঃপর মাছটি সমুদ্রে সুড়ঙ্গ পথ সৃষ্টি করে নেমে গেল। [সুরা কা'হফ ১৮:৬১]

যখন তাঁরা সে স্থানটি অতিক্রম করে গেলেন, মূসা সঙ্গী কে বললেনঃ আমাদের নাশতা আন। আমরা এই সফরে পরিশ্রান্ত হয়ে পড়েছি। [সুরা কা'হফ ১৮:৬২]

সে বললঃ আপনি কি লক্ষ্য করেছেন, আমরা যখন প্রস্তর খন্ডে আশ্রয় নিয়েছিলাম, তখন আমি মাছের কথা ভুলে গিয়েছিলাম। শয়তানই আমাকে একথা স্মরণ রাখতে ভুলিয়ে দিয়েছিল। মাছটি আশ্চর্য জনক ভাবে সমুদ্রে নিজের পথ করে নিয়েছে। [সুরা কা'হফ ১৮:৬৩]

মূসা বললেনঃ আমরা তো এ স্থানটিই খুঁজছিলাম। অতঃপর তাঁরা নিজেদের চিহ্ন ধরে ফিরে চললেন। [সুরা কা'হফ ১৮:৬৪]

অতঃপর তাঁরা আমার বান্দাদের মধ্যে এমন একজনের সাক্ষাত পেলেন, যাকে আমি আমার পক্ষ থেকে রহমত দান করেছিলাম ও আমার পক্ষ থেকে দিয়েছিলাম এক বিশেষ জ্ঞান। [সুরা কা'হফ ১৮:৬৫]

মূসা তাঁকে বললেনঃ আমি কি এ শর্তে আপনার অনুসরণ করতে পারি যে, সত্যপথের যে জ্ঞান আপনাকে শেখানো হয়েছে, তা থেকে আমাকে কিছু শিক্ষা দেবেন? [সুরা কা'হফ ১৮:৬৬]

তিনি বললেনঃ আপনি আমার সাথে কিছুতেই ধৈর্যধারণ করে থাকতে পারবেন না। [সুরা কা'হফ ১৮:৬৭]
যে বিষয় বোঝা আপনার আয়তাধীন নয়, তা দেখে আপনি ধৈর্যধারণ করবেন কেমন করে? [সুরা কা'হফ ১৮:৬৮]

মূসা বললেনঃ আল্লাহ চাহেন তো আপনি আমাকে ধৈর্যশীল পাবেন এবং আমি আপনার কোন আদেশ অমান্য করব না। [সুরা কা'হফ ১৮:৬৯]

তিনি বললেনঃ যদি আপনি আমার অনুসরণ করেনই তবে কোন বিষয়ে আমাকে প্রশ্ন করবেন না, যে পর্যন্ত না আমি নিজেই সে সম্পর্কে আপনাকে কিছু বলি। [সুরা কা'হফ ১৮:৭০]

অতঃপর তারা চলতে লাগলঃ অবশ্যে যখন তারা নৌকায় আরোহণ করল, তখন তিনি তাতে ছিদ্র করে দিলেন। মূসা বললেনঃ আপনি কি এর আরোহীদেরকে ডুবিয়ে দেয়ার জন্যে এতে ছিদ্র করে দিলেন? নিশ্চয়ই আপনি একটি গুরুতর মন্দ কাজ করলেন। [সুরা কা'হফ ১৮:৭১]

তিনি বললেনঃ আমি কি বলিনি যে, আপনি আমার সাথে কিছুতেই ধৈর্য্য ধরতে পারবেন না? [সুরা কা'হফ ১৮:৭২]

মূসা বললেনঃ আমাকে আমার ভুলের জন্যে অপরাধী করবেন না এবং আমার কাজে আমার উপর কঠোরতা আরোপ করবেন না। [সুরা কা'হফ ১৮:৭৩]

অতঃপর তারা চলতে লাগল। অবশ্যে যখন একটি বালকের সাক্ষাত পেলেন, তখন তিনি তাকে হত্যা করলেন। মূসা বললেন? আপনি কি একটি নিষ্পাপ জীবন শেষ করে দিলেন প্রাণের বিনিময় ছাড়াই? নিশ্চয়ই আপনি তো এক গুরুতর অন্যায় কাজ করলেন। [সুরা কা'হফ ১৮:৭৪]

তিনি বললেনঃ আমি কি বলিনি যে, আপনি আমার সাথে ধৈর্য্য ধরে থাকতে পারবেন না। [সুরা কা'হফ ১৮:৭৫]

মূসা বললেনঃ এরপর যদি আমি আপনাকে কোন বিষয়ে প্রশ্ন করি, তবে আপনি আমাকে সাথে রাখবেন না। আপনি আমার পক্ষ থেকে অভিযোগ মুক্ত হয়ে গেছেন। [সুরা কা'হফ ১৮:৭৬]

অতঃপর তারা চলতে লাগল, অবশ্যে যখন একটি জনপদের অধিবাসীদের কাছে পৌছে তাদের কাছে খাবার চাইল, তখন তারা তাদের অতিথেয়তা করতে অস্থীকার করল। অতঃপর তারা সেখানে একটি পতনোমুখ প্রাচীর দেখতে পেলেন, সেটি তিনি সোজা করে দাঁড় করিয়ে দিলেন। মূসা বললেনঃ আপনি ইচ্ছা করলে তাদের কাছ থেকে এর পারিশ্রমিক আদায় করতে পারতেন। [সুরা কা'হফ ১৮:৭৭]

তিনি বললেনঃ এখানেই আমার ও আপনার মধ্যে সম্পর্কচ্ছদ হল। এখন যে বিষয়ে আপনি ধৈর্য্য ধরতে পারেননি, আমি তার তৎপর্য বলে দিচ্ছি। [সুরা কা'হফ ১৮:৭৮]

নৌকাটির ব্যাপারে-সে টি ছিল কয়েকজন দরিদ্র ব্যক্তির। তারা সমুদ্রে জীবিকা অব্বেষন করত। আমি ইচ্ছা করলাম যে, সেটিকে ক্রটিযুক্ত করে দেই। তাদের অপরদিকে ছিল এক বাদশাহ। সে বলপ্রয়োগে প্রত্যেকটি নৌকা ছিনিয়ে নিত। [সুরা কা'হফ ১৮:৭৯]

বালকটির ব্যাপার তার পিতা-মাতা ছিল ঈমানদার। আমি আশঙ্কা করলাম যে, সে অবাধ্যতা ও কুফর দ্বারা তাদেরকে প্রভাবিত করবে। [সুরা কা'হফ ১৮:৮০]

অতঃপর আমি ইচ্ছা করলাম যে, তাদের পালনকর্তা তাদেরকে মহত্তর, তার চাইতে পবিত্রতায় ও ভালবাসায় ঘনিষ্ঠতর একটি শ্রেষ্ঠ সন্তান দান করুক। [সুরা কা'হফ ১৮:৮১]

প্রাচীরের ব্যাপার-সেটি ছিল নগরের দুজন পিতৃহীন বালকের। এর নীচে ছিল তাদের গুপ্তধন এবং তাদের পিতা ছিল সৎকর্ম পরায়ন। সুতরাং আপনার পালনকর্তা দায়বশতঃ ইচ্ছা করলেন যে, তারা যৌবনে পদার্পণ করুক এবং নিজেদের গুপ্তধন উদ্ধার করুক। আমি নিজ মতে এটা করিনি। আপনি যে বিষয়ে ধৈর্যধারণ করতে অক্ষম হয়েছিলেন, এই হল তার ব্যাখ্যা। [সুরা কাহফ ১৮:৮২]

৪০. যখন মূসা স্বীয় সম্পদায়কে বললেনঃ হে আমার সম্পদায়, তোমাদের প্রতি আল্লাহর নেয়ামত স্মরণ করা।(২০)

যখন মূসা স্বীয় সম্পদায়কে বললেনঃ হে আমার সম্পদায়, তোমাদের প্রতি আল্লাহর নেয়ামত স্মরণ কর, যখন তিনি তোমাদের মধ্যে পয়গম্বর সৃষ্টি করেছেন, তোমাদেরকে রাজ্যাধিপতি করেছেন এবং তোমাদেরকে এমন জিনিস দিয়েছেন, যা বিশ্বজগতের কাউকে দেননি। [সুরা মায়েদা ৫:২০]

হে আমার সম্পদায়, পবিত্র ভূমিতে প্রবেশ কর, যা আল্লাহ তোমাদের জন্যে নির্ধারিত করে দিয়েছেন এবং পেছন দিকে প্রত্যাবর্তন করো না। অন্যথায় তোমরা ক্ষতিগ্রস্ত হয়ে পড়বে। [সুরা মায়েদা ৫:২১]

তারা বললঃ হে মূসা, সেখানে একটি প্রবল পরাক্রান্ত জাতি রয়েছে। আমরা কখনও সেখানে যাব না, যে পর্যন্ত না তারা সেখান থেকে বের হয়ে যায়। তারা যদি সেখান থেকে বের হয়ে যায় তবে নিশ্চিতই আমরা প্রবেশ করব।' [সুরা মায়েদা ৫:২২]

খোদাতীরুদ্দের মধ্য থেকে দু'ব্যক্তি বলল, যাদের প্রতি আল্লাহ অনুগ্রহ করেছিলেনঃ তোমরা তাদের উপর আক্রমণ করে দরজায় প্রবেশ কর। অতঃপর তোমরা যখন তাতে প্রবেশ করবে, তখন তোমরাই জয়ী হবে। আর আল্লাহর উপর ভরসা কর যদি তোমরা বিশ্বাসী হও। [সুরা মায়েদা ৫:২৩]

তারা বললঃ হে মূসা, আমরা জীবনেও কখনো সেখানে যাব না, যতক্ষণ তারা সেখানে থাকবে। অতএব, আপনি ও আপনার পালনকর্তাই যান এবং উভয়ে যুদ্ধ করে নিন। আমরা তো এখানেই বসলাম। [সুরা মায়েদা ৫:২৪]

মূসা বললঃ হে আমার পালনকর্তা, আমি শুধু নিজের উপর ও নিজের ভাইয়ের উপর ক্ষমতা রাখি। অতএব, আপনি আমাদের মধ্যে ও এ অবাধ্য সম্পদায়ের মধ্যে সম্পর্কচ্ছেদ করুন। [সুরা মায়েদা ৫:২৫]

বললেনঃ এ দেশ চল্লিশ বছর পর্যন্ত তাদের জন্যে হারাম করা হল। তারা ভুপৃষ্ঠে উদ্ভ্রান্ত হয়ে ফিরবে। অতএব, আপনি অবাধ্য সম্পদায়ের জন্যে দুঃখ করবেন না। [সুরা মায়েদা ৫:২৬]

৪১. যখন আপনার পালনকর্তা মুসাকে ডেকে বললেনঃ তুমি পাপিষ্ঠ সম্প্রদায়ের নিকট যাও; (১০)

যখন আপনার পালনকর্তা মুসাকে ডেকে বললেনঃ তুমি পাপিষ্ঠ সম্প্রদায়ের নিকট যাও; [সুরা শু'য়ারা ২৬:১০]

ফেরাউনের সম্প্রদায়ের নিকট; তারা কি ভয় করে না? [সুরা শু'য়ারা ২৬:১১]

সে বলল, হে আমার পালনকর্তা, আমার আশংকা হচ্ছে যে, তারা আমাকে মিথ্যাবাদী বলে দেবে। [সুরা শু'য়ারা ২৬:১২]

এবং আমার মন হতবল হয়ে পড়ে এবং আমার জিহ্বা অচল হয়ে যায়। সুতরাং হারুনের কাছে বার্তা প্রেরণ করুন। [সুরা শু'য়ারা ২৬:১৩]

আমার বিরুদ্ধে তাদের অভিযোগ আছে। অতএব আমি আশংকা করি যে, তারা আমাকে হত্যা করবে। [সুরা শু'য়ারা ২৬:১৪]

আল্লাহ বলেন, কখনই নয় তোমরা উভয়ে যাও আমার নির্দেশনাবলী নিয়ে। আমি তোমাদের সাথে থেকে শোনব। [সুরা শু'য়ারা ২৬:১৫]

অতএব তোমরা ফেরাউনের কাছে যাও এবং বল, আমরা বিশ্বজগতের পালনকর্তার রসূল। [সুরা শু'য়ারা ২৬:১৬]

যাতে তুমি বনী-ইসরাইলকে আমাদের সাথে যেতে দাও। [সুরা শু'য়ারা ২৬:১৭]

ফেরাউন বলল, আমরা কি তোমাকে শিশু অবস্থায় আমাদের মধ্যে লালন-পালন করিনি? এবং তুমি আমাদের মধ্যে জীবনের বহু বছর কাটিয়েছ। [সুরা শু'য়ারা ২৬:১৮]

তুমি সেই-তোমার অপরাধ যা করবার করেছ। তুমি হলে কৃতঘন। [সুরা শু'য়ারা ২৬:১৯]

মুসা বলল, আমি সে অপরাধ তখন করেছি, যখন আমি ভ্রান্ত ছিলাম। [সুরা শু'য়ারা ২৬:২০]

অতঃপর আমি ভীত হয়ে তোমাদের কাছ থেকে পলায়ন করলাম। এরপর আমার পালনকর্তা আমাকে প্রজ্ঞাদান করেছেন এবং আমাকে পয়গন্ধর করেছেন। [সুরা শু'য়ারা ২৬:২১]

আমার প্রতি তোমার যে অনুগ্রহের কথা বলছ, তা এই যে, তুমি বনী-ইসলাইলকে গোলাম বানিয়ে রেখেছ। [সুরা শু'য়ারা ২৬:২২]

ফেরাউন বলল, বিশ্বজগতের পালনকর্তা আবার কি? [সুরা শু'য়ারা ২৬:২৩]

মূসা বলল, তিনি নভোমঙ্গল, ভূমঙ্গল ও এতদুভয়ের মধ্যবর্তী সবকিছুর পালনকর্তা যদি তোমরা বিশ্বাসী হও।

[সুরা শু'য়ারা ২৬:২৪]

ফেরাউন তার পরিষদবর্গকে বলল, তোমরা কি শুনছ না? [সুরা শু'য়ারা ২৬:২৫]

মূসা বলল, তিনি তোমাদের পালনকর্তা এবং তোমাদের পূর্ববর্তীদেরও পালনকর্তা। [সুরা শু'য়ারা ২৬:২৬]

ফেরাউন বলল, তোমাদের প্রতি প্রেরিত তোমাদের রসূলটি নিশ্চয়ই বদ্ধ পাগল। [সুরা শু'য়ারা ২৬:২৭]

মূসা বলল, তিনি পূর্ব, পশ্চিম ও এতদুভয়ের মধ্যবর্তী সব কিছুর পালনকর্তা, যদি তোমরা বোকা। [সুরা শু'য়ারা ২৬:২৮]

ফেরাউন বলল, তুমি যদি আমার পরিবর্তে অন্যকে উপাস্যরূপে গ্রহণ কর তবে আমি অবশ্যই তোমাকে কারাগারে নিক্ষেপ করব। [সুরা শু'য়ারা ২৬:২৯]

মূসা বলল, আমি তোমার কাছে কোন স্পষ্ট বিষয় নিয়ে আগমন করলেও কি? [সুরা শু'য়ারা ২৬:৩০]

ফেরাউন বলল, তুমি সত্যবাদী হলে তা উপস্থিত কর। [সুরা শু'য়ারা ২৬:৩১]

অতঃপর তিনি লাঠি নিক্ষেপ করলে মুহূর্তের মধ্যে তা সুস্পষ্ট অজগর হয়ে গেল। [সুরা শু'য়ারা ২৬:৩২]

আর তিনি তার হাত বের করলেন, তৎক্ষণাত তা দর্শকদের কাছে সুশুভ্র প্রতিভাত হলো। [সুরা শু'য়ারা ২৬:৩৩]

ফেরাউন তার পরিষদবর্গকে বলল, নিশ্চয় এ একজন সুদক্ষ জাদুকর। [সুরা শু'য়ারা ২৬:৩৪]

সে তার জাদু বলে তোমাদেরকে তোমাদের দেশ থেকে বহিস্থার করতে চায়। অতএব তোমাদের মত কি? [সুরা শু'য়ারা ২৬:৩৫]

তারা বলল, তাকে ও তার ভাইকে কিছু অবকাশ দিন এবং শহরে শহরে ঘোষক প্রেরণ করুন। [সুরা শু'য়ারা ২৬:৩৬]

তারা যেন আপনার কাছে প্রত্যেকটি দক্ষ জাদুকর কে উপস্থিত করো। [সুরা শু'য়ারা ২৬:৩৭]

অতঃপর এক নির্দিষ্ট দিনে জাদুকরদেরকে একত্রিত করা হল। [সুরা শু'য়ারা ২৬:৩৮]

এবং জনগণের মধ্যে ঘোষণা করা হল, তোমরাও সমবেত হও। [সুরা শু'য়ারা ২৬:৩৯]

যাতে আমরা জাদুকরদের অনুসরণ করতে পারি-যদি তারাই বিজয়ী হয়। [সুরা শু'য়ারা ২৬:৪০]

যখন যাদুকররা আগমন করল, তখন ফেরাউনকে বলল, যদি আমরা বিজয়ী হই, তবে আমরা পুরস্কার পাব তো? [সুরা শু'য়ারা ২৬:৪১]

ফেরাউন বলল, হ্যা এবং তখন তোমরা আমার নৈকট্যশীলদের অন্তর্ভুক্ত হবো। [সুরা শু'য়ারা ২৬:৮২]

মূসা (আঃ) তাদেরকে বললেন, নিষ্কেপ কর তোমরা যা নিষ্কেপ করবে। [সুরা শু'য়ারা ২৬:৮৩]

অতঃপর তারা তাদের রশি ও লাঠি নিষ্কেপ করল এবং বলল, ফেরাউনের ইয়সতের কসম, আমরাই বিজয়ী হব। [সুরা শু'য়ারা ২৬:৮৪]

অতঃপর মূসা তাঁর লাঠি নিষ্কেপ করল, হঠাত তা তাদের অলীক কীর্তিঞ্চলোকে গ্রাস করতে লাগল। [সুরা শু'য়ারা ২৬:৮৫]

তখন জাদুকররা সেজদায় নত হয়ে গেল। [সুরা শু'য়ারা ২৬:৮৬]

তারা বলল, আমরা রাববুল আলামীনের প্রতি বিশ্বাস স্থাপন করলাম। [সুরা শু'য়ারা ২৬:৮৭]

যিনি মূসা ও হারুনের রব। [সুরা শু'য়ারা ২৬:৮৮]

ফেরাউন বলল, আমার অনুমতি দানের পূর্বেই তোমরা কি তাকে মেনে নিলে? নিশ্চয় সে তোমাদের প্রধান, যে তোমাদেরকে জাদু শিক্ষা দিয়েছে। শীঘ্রই তোমরা পরিণাম জানতে পারবে। আমি অবশ্যই তোমাদের হাত ও পা বিপরীত দিক থেকে কর্তন করব। এবং তোমাদের সবাইকে শূলে চড়াব। [সুরা শু'য়ারা ২৬:৮৯]

তারা বলল, কোন ক্ষতি নেই। আমরা আমাদের পালনকর্তার কাছে প্রত্যাবর্তন করব। [সুরা শু'য়ারা ২৬:৫০]

আমরা আশা করি, আমাদের পালনকর্তা আমাদের ক্রটি-বিচ্যুতি মার্জনা করবেন। কারণ, আমরা বিশ্বাস স্থাপনকারীদের মধ্যে অগ্রগৌ। [সুরা শু'য়ারা ২৬:৫১]

আমি মূসাকে আদেশ করলাম যে, আমার বান্দাদেরকে নিয়ে রাত্রিযোগে বের হয়ে যাও, নিশ্চয় তোমাদের পশ্চাদ্বাবন করা হবে। [সুরা শু'য়ারা ২৬:৫২]

অতঃপর ফেরাউন শহরে শহরে সংগ্রাহকদেরকে প্রেরণ করল, [সুরা শু'য়ারা ২৬:৫৩]

নিশ্চয় এরা (বনী-ইসরাইলরা) ক্ষুদ্র একটি দল। [সুরা শু'য়ারা ২৬:৫৪]

এবং তারা আমাদের ক্ষেত্রে উদ্বেক করেছে। [সুরা শু'য়ারা ২৬:৫৫]

এবং আমরা সবাই সদা সতর্ক। [সুরা শু'য়ারা ২৬:৫৬]

অতঃপর আমি ফেরাউনের দলকে তাদের বাগ-বাগিচা ও ঝর্ণাসমূহ থেকে বহিষ্কার করলাম। [সুরা শু'য়ারা ২৬:৫৭]

এবং ধন-ভান্ডার ও মনোরম স্থানসমূহ থেকে। [সুরা শু'য়ারা ২৬:৫৮]

এরূপই হয়েছিল এবং বনী-ইসরাইলকে করে দিলাম এসবের মালিক। [সুরা শু'য়ারা ২৬:৫৯]

অতঃপর সুর্যোদয়ের সময় তারা তাদের পশ্চাদ্বাবন করল। [সুরা শু'য়ারা ২৬:৬০]

যখন উভয় দল পরম্পরকে দেখল, তখন মূসার সঙ্গীরা বলল, আমরা যে ধরা পড়ে গেলাম। [সুরা শু'য়ারা ২৬:৬১]

মূসা বলল, কখনই নয়, আমার সাথে আছেন আমার পালনকর্তা। তিনি আমাকে পথ বলে দেবেন। [সুরা শু'য়ারা ২৬:৬২]

অতঃপর আমি মূসাকে আদেশ করলাম, তোমার লাঠি দ্বারা সমৃদ্ধকে আঘাত কর। ফলে, তা বিদীর্ণ হয়ে গেল এবং প্রত্যেক ভাগ বিশাল পর্বতসদৃশ হয়ে গেল। [সুরা শু'য়ারা ২৬:৬৩]

আমি সেখায় অপর দলকে হাজির করলাম। [সুরা শু'য়ারা ২৬:৬৪]

এবং মূসা ও তাঁর সংগীদের সবাইকে বাঁচিয়ে দিলাম। [সুরা শু'য়ারা ২৬:৬৫]

অতঃপর অপর দলটিকে নিমজ্জত কললাম। [সুরা শু'য়ারা ২৬:৬৬]

নিশ্চয় এতে একটি নির্দশন আছে এবং তাদের অধিকাংশই বিশ্বাসী ছিল না। [সুরা শু'য়ারা ২৬:৬৭]

আপনার পালনকর্তা অবশ্যই পরাক্রমশালী, পরম দয়ালু। [সুরা শু'য়ারা ২৬:৬৮]

৪২. যখন মূসা তাঁর পরিবারবর্গকে বললেনঃ আমি অগ্নি দেখেছি, (৭)

যখন মূসা তাঁর পরিবারবর্গকে বললেনঃ আমি অগ্নি দেখেছি, এখন আমি সেখান থেকে তোমাদের জন্যে কোন খবর আনতে পারব অথবা তোমাদের জন্যে জ্বলন্ত অঙ্গার নিয়ে আসতে পারব যাতে তোমরা আগ্নে পোহাতে পার। [সুরা নাম'ল ২৭:৭]

অতঃপর যখন তিনি আগ্নের কাছে আসলেন তখন আওয়াজ হল ধন্য তিনি, যিনি আগ্নের স্থানে আছেন এবং যারা আগ্নের আশেপাশে আছেন। বিশ্ব জাহানের পালনকর্তা আল্লাহ পবিত্র ও মহিমান্বিত। [সুরা নাম'ল ২৭:৮]

হে মূসা, আমি আল্লাহ, প্রবল পরাক্রমশালী, প্রজ্ঞাময়। [সুরা নাম'ল ২৭:৯]

আপনি নিক্ষেপ করুন আপনার লাঠি। অতঃপর যখন তিনি তাকে সর্পের ন্যায় ছুটাছুটি করতে দেখলেন, তখন তিনি বিপরীত দিকে ছুটতে লাগলেন এবং পেছন ফিরেও দেখলেন না। হে মূসা, ভয় করবেন না। আমি যে রয়েছি, আমার কাছে পয়গম্বরণ ভয় করেন না। [সুরা নাম'ল ২৭:১০]

তবে যে বাড়াবাড়ি করে এরপর মন্দ কর্মের পরিবর্তে সৎকর্ম করো। নিশ্চয় আমি ক্ষমাশীল, পরম দয়ালু। [সুরা নাম'ল ২৭:১১]

আপনার হাত আপনার বগলে টুকিয়ে দিন, সুশুভ্র হয়ে বের হবে নির্দোষ অবস্থায়। এগুলো ফেরাউন ও তার সম্প্রদায়ের কাছে আনীত নয়টি নির্দশনের অন্যতম। নিশ্চয় তারা ছিল পাপাচারী সম্প্রদায়। [সুরা নাম'ল ২৭:১২]

অতঃপর যখন তাদের কাছে আমার উজ্জল নির্দশনাবলী আগমন করল, তখন তারা বলল, এটা তো সুস্পষ্ট জাদু। [সুরা নাম'ল ২৭:১৩]

তারা অন্যায় ও অহংকার করে নির্দশনাবলীকে প্রত্যাখ্যান করল, যদিও তাদের অন্তর এগুলো সত্য বলে বিশ্বাস করেছিল। অতএব দেখুন, অনর্থকারীদের পরিগাম কেমন হয়েছিল? [সুরা নাম'ল ২৭:১৪]

৪৩. হে মুমিনগণ! মুসাকে যারা কষ্ট দিয়েছে, তোমরা তাদের মত হয়ো না। তারা যা বলেছিল, আল্লাহ তা থেকে তাঁকে নির্দোষ প্রমাণ করেছিলেন। (৬৯)

হে মুমিনগণ! মুসাকে যারা কষ্ট দিয়েছে, তোমরা তাদের মত হয়ো না। তারা যা বলেছিল, আল্লাহ তা থেকে তাঁকে নির্দোষ প্রমাণ করেছিলেন। তিনি আল্লাহর কাছে ছিলেন মর্যাদাবান। [সুরা আহ্যাব ৩৩:৬৯]

৪৪. অতঃপর মুসা যখন আমার কাছ থেকে সত্যসহ তাদের কাছে পৌঁছাল; তখন তারা বলল, যারা তার সঙ্গী হয়ে বিশ্বাস স্থাপন করেছে, তাদের পুত্র সন্তানদেরকে হত্যা কর, আর তাদের নারীদেরকে জীবিত রাখ। (২৫)

অতঃপর মুসা যখন আমার কাছ থেকে সত্যসহ তাদের কাছে পৌঁছাল; তখন তারা বলল, যারা তার সঙ্গী হয়ে বিশ্বাস স্থাপন করেছে, তাদের পুত্র সন্তানদেরকে হত্যা কর, আর তাদের নারীদেরকে জীবিত রাখ। কাফেরদের চক্রান্ত ব্যর্থই হয়েছে। [সুরা মু'মিন ৪০:২৫]

ফেরাউন বলল, তোমরা আমাকে ছাড়, মুসাকে হত্যা করতে দাও, ডাকুক সে তার পালনকর্তাকে! আমি আশংকা করি যে, সে তোমাদের ধর্ম পরিবর্তন করে দেবে অথবা সে দেশময় বিপর্যয় সৃষ্টি করবে। [সুরা মু'মিন ৪০:২৬]

মুসা বলল, যারা হিসাব দিবসে বিশ্বাস করে না এমন প্রত্যেক অহংকারী থেকে আমি আমার ও তোমাদের পালনকর্তার আশ্রয় নিয়ে নিয়েছি। [সুরা মু'মিন ৪০:২৭]

ফেরাউন গোত্রের এক মুমিন ব্যক্তি, যে তার ঈমান গোপন রাখত, সে বলল, তোমরা কি একজনকে এজন্যে হত্যা করবে যে, সে বলে, আমার পালনকর্তা আল্লাহ, অথচ সে তোমাদের পালনকর্তার নিকট থেকে স্পষ্ট

প্রমাণসহ তোমাদের নিকট আগমন করেছে? যদি সে মিথ্যাবাদী হয়, তবে তার মিথ্যাবাদিতা তার উপরই চাপবে, আর যদি সে সত্যবাদী হয়, তবে সে যে শাস্তির কথা বলছে, তার কিছু না কিছু তোমাদের উপর পড়বেই। নিশ্চয় আল্লাহ সীমালংঘনকারী, মিথ্যাবাদীকে পথ প্রদর্শন করেন না। [সুরা মু’মিন ৪০:২৮]

হে আমার কওম, আজ এদেশে তোমাদেরই রাজত্ব, দেশময় তোমরাই বিচরণ করছ; কিন্তু আমাদের আল্লাহর শাস্তি এসে গেলে কে আমাদেরকে সাহায্য করবে? ফেরাউন বলল, আমি যা বুঝি, তোমাদেরকে তাই বোঝাই, আর আমি তোমাদেরকে মঙ্গলের পথই দেখাই। [সুরা মু’মিন ৪০:২৯]

সে মুমিন ব্যক্তি বললঃ হে আমার কওম, আমি তোমাদের জন্যে পূর্ববর্তী সম্প্রদায়সমূহের মতই বিপদসঞ্চল দিনের আশংকা করি। [সুরা মু’মিন ৪০:৩০]

যেমন, কওমে নৃত, আদ, সামুদ ও তাদের পরবর্তীদের অবস্থা হয়েছিল। আল্লাহ বান্দাদের প্রতি কোন যুগুম করার ইচ্ছা করেন না। [সুরা মু’মিন ৪০:৩১]

হে আমার কওম, আমি আশংকা করছি, তোমাদের উপর এমন একটা সময় এসে পড়বে, যখন তোমরা ফরিয়াদ করবে, অনুশোচনা করবো একে অপরকে ডাকতে থাকবে [সুরা মু’মিন ৪০:৩২]

যেদিন তোমরা পেছনে ফিরে পলায়ন করবে; কিন্তু আল্লাহ থেকে তোমাদেরকে রক্ষাকারী কেউ থাকবে না। আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন, তার কোন পথপ্রদর্শক নেই। [সুরা মু’মিন ৪০:৩৩]

ইতিপূর্বে তোমাদের কাছে ইউসুফ সুস্পষ্ট প্রামাণাদিসহ আগমন করেছিল, অতঃপর তোমরা তার আনীত বিষয়ে সন্দেহই পোষণ করতো। অবশ্যে যখন সে মারা গেল, তখন তোমরা বলতে শুরু করলে, আল্লাহ ইউসুফের পরে আর কাউকে রসূলরূপে পাঠাবেন না। এমনিভাবে আল্লাহ সীমালংঘনকারী, সংশয়ী ব্যক্তিকে পথভ্রষ্ট করেন। [সুরা মু’মিন ৪০:৩৪]

যারা নিজেদের কাছে আগত কোন দলীল ছাড়াই আল্লাহর আয়াত সম্পর্কে বিতর্ক করে, তাদের একজন আল্লাহ ও মুমিনদের কাছে খুবই অসন্তোষজনক। এমনিভাবে আল্লাহ প্রত্যেক অহংকারী-স্বৈরাচারী ব্যক্তির অন্তরে মোহর এঁটে দেন। [সুরা মু’মিন ৪০:৩৫]

ফেরাউন বলল, হে হামান, তুমি আমার জন্যে একটি সুউচ্চ প্রাসাদ নির্মাণ কর, হয়তো আমি পৌঁছে যেতে পারব। [সুরা মু’মিন ৪০:৩৬]

আকাশের পথে, অতঃপর উঁকি মেরে দেখব মূসার আল্লাহকে। বন্ধুতঃ আমি তো তাকে মিথ্যাবাদীই মনে করি। এভাবেই ফেরাউনের কাছে সুশোভিত করা হয়েছিল তার মন্দ কর্মকে এবং সোজা পথ থেকে তাকে বিরত রাখা হয়েছিল। ফেরাউনের চক্রান্ত ব্যর্থ হওয়ারই ছিল। [সুরা মু’মিন ৪০:৩৭]

মুমিন লোকটি বললঃ হে আমার কওম, তোমরা আমার অনুসরণ কর। আমি তোমাদেরকে সৎপথ প্রদর্শন করব। [সুরা মু'মিন ৪০:৩৮]

হে আমার কওম, পার্থিব এ জীবন তো কেবল উপভোগের বস্তু, আর পরকাল হচ্ছে স্থায়ী বসবাসের গৃহ। [সুরা মু'মিন ৪০:৩৯]

যে মন্দ কর্ম করে, সে কেবল তার অনুরূপ প্রতিফল পাবে, আর যে, পুরুষ অথবা নারী মুমিন অবস্থায় সৎকর্ম করে তারাই জানাতে প্রবেশ করবে। তথায় তাদেরকে বে-হিসাব রিযিক দেয়া হবে। [সুরা মু'মিন ৪০:৪০]

হে আমার কওম, ব্যাপার কি, আমি তোমাদেরকে দাওয়াত দেই মুস্তির দিকে, আর তোমরা আমাকে দাওয়াত দাও জাহানামের দিকে। [সুরা মু'মিন ৪০:৪১]

তোমরা আমাকে দাওয়াত দাও, যাতে আমি আল্লাহকে অস্বীকার করি এবং তাঁর সাথে শরীক করি এমন বস্তুকে, যার কোন প্রমাণ আমার কাছে নেই। আমি তোমাদেরকে দাওয়াত দেই পরাক্রমশালী, ক্ষমাশীল আল্লাহর দিকে। [সুরা মু'মিন ৪০:৪২]

এতে সন্দেহ নেই যে, তোমরা আমাকে যার দিকে দাওয়াত দাও, হঠকালে ও পরকালে তার কোন ক্ষমতা নেই দোয়া করুল করার। আমাদের প্রত্যাবর্তন আল্লাহর দিকে এবং সীমালংঘকারীরাই জাহানামী। [সুরা মু'মিন ৪০:৪৩]

আমি তোমাদেরকে যা বলছি, তোমরা একদিন তা স্মরণ করবে। আমি আমার ব্যাপার আল্লাহর কাছে সমর্পণ করছি। নিশ্চয় বান্দারা আল্লাহর দৃষ্টিতে রয়েছে। [সুরা মু'মিন ৪০:৪৪]

অতঃপর আল্লাহ তাকে তাদের চক্রান্তের অনিষ্ট থেকে রক্ষা করলেন এবং ফেরাউন গোত্রকে শোচনীয় আয়ার গ্রাস করল। [সুরা মু'মিন ৪০:৪৫]

৪৫. আমি মূসাকে আমার নির্দর্শনাবলী দিয়ে ফেরাউন ও তার পরিষদবর্গের কাছে প্রেরণ করেছিলাম। (৪৬)

আমি মূসাকে আমার নির্দর্শনাবলী দিয়ে ফেরাউন ও তার পরিষদবর্গের কাছে প্রেরণ করেছিলাম, অতঃপর সে বলেছিল, আমি বিশ্ব পালনকর্তার রসূল। [সুরা যুখরুফ ৪৩:৪৬]

অতঃপর সে যখন তাদের কাছে আমার নির্দর্শনাবলী উপস্থাপন করল, তখন তারা হাস্যবিদ্রূপ করতে লাগল। [সুরা যুখরুফ ৪৩:৪৭]

আমি তাদেরকে যে নিদর্শনই দেখাতাম, তাই হত পূর্ববর্তী নিদর্শন অপেক্ষা বৃহৎ এবং আমি তাদেরকে শাস্তি দ্বারা পাকড়াও করলাম, যাতে তারা ফিরে আসে। [সুরা যুখরুফ ৪৩:৪৮]

তারা বলল, হে যাদুকর, তুমি আমাদের জন্যে তোমার পালনকর্তার কাছে সে বিষয় প্রার্থনা কর, যার ওয়াদা তিনি তোমাকে দিয়েছেন; আমরা অবশ্যই সৎপথ অবলম্বন করব। [সুরা যুখরুফ ৪৩:৪৯]

অতঃপর যখন আমি তাদের থেকে আয়াব প্রত্যাহার করে নিলাম, তখনই তারা অঙ্গীকার ভঙ্গ করতে লাগলো। [সুরা যুখরুফ ৪৩:৫০]

ফেরাউন তার সম্প্রদায়কে ডেকে বলল, হে আমার কওম, আমি কি মিসরের অধিপতি নই? এই নদী গুলো আমার নিম্নদেশে প্রবাহিত হয়, তোমরা কি দেখ না? [সুরা যুখরুফ ৪৩:৫১]

আমি যে শ্রেষ্ঠ এ ব্যক্তি থেকে, যে নীচ এবং কথা বলতেও সক্ষম নয়। [সুরা যুখরুফ ৪৩:৫২]

তাকে কেন স্বর্গবলয় পরিধান করানো হল না, অথবা কেন আসল না তার সঙ্গে ফেরেশতাগণ দল বেঁধে? [সুরা যুখরুফ ৪৩:৫৩]

অতঃপর সে তার সম্প্রদায়কে বোকা বানিয়ে দিল, ফলে তারা তার কথা মেনে নিল। নিশ্চয় তারা ছিল পাপাচারী সম্প্রদায়। [সুরা যুখরুফ ৪৩:৫৪]

অতঃপর যখন আমাকে রাগান্বিত করল তখন আমি তাদের কাছ থেকে প্রতিশোধ নিলাম এবং নিমজ্জত করলাম। তাদের সবাইকে। [সুরা যুখরুফ ৪৩:৫৫]

৪৬. মুসার বৃত্তান্ত আপনার কাছে পৌছেছে কি? (১৫)

মুসার বৃত্তান্ত আপনার কাছে পৌছেছে কি? [সুরা নাজিয়াত ৭৯:১৫]

যখন তার পালনকর্তা তাকে পবিত্র তুয়া উপ্যকায় আহবান করেছিলেন, [সুরা নাজিয়াত ৭৯:১৬]

ফেরাউনের কাছে ঘাও, নিশ্চয় সে সীমালংঘন করেছে। [সুরা নাজিয়াত ৭৯:১৭]

অতঃপর বলঃ তোমার পবিত্র হওয়ার আগ্রহ আছে কি? [সুরা নাজিয়াত ৭৯:১৮]

আমি তোমাকে তোমার পালনকর্তার দিকে পথ দেখাব, যাতে তুমি তাকে ভয় কর। [সুরা নাজিয়াত ৭৯:১৯]

অতঃপর সে তাকে মহা-নিদর্শন দেখাল। [সুরা নাজিয়াত ৭৯:২০]

কিন্তু সে মিথ্যারোপ করল এবং অমান্য করল। [সুরা নাজিয়াত ৭৯:২১]

অতঃপর সে ষড়যন্ত্র আঁটার চেষ্টায় পিছু হটলো। [সুরা নাজিয়াত ৭৯:২২]

সে সকলকে সমবেত করল এবং সজোরে আহবান করল, [সুরা নাজিয়াত ৭৯:২৩]

এবং বললঃ আমিই তোমাদের সেরা পালনকর্তা। [সুরা নাজিয়াত ৭৯:২৪]

অতঃপর আল্লাহ তাকে পরকালের ও ইহকালের শাস্তি দিলেন। [সুরা নাজিয়াত ৭৯:২৫]

যে ভয় করে তার জন্যে অবশ্যই এতে শিক্ষা রয়েছে। [সুরা নাজিয়াত ৭৯:২৬]